“(m) any such facts to any authority exercising power under the Excise and Salt Act, 1944 (I of 1944), the Gift-tax Act, 1963 (XIV of 1963), দান কর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২২নং আইন), the Wealth-tax Act, 1963 (XV of 1963), the Customs Act, 1969 (IV of 1969), the Sales tax Ordinance, 1982 (XVIII of 1982) or মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) as may be necessary for the purpose of enabling it duly to exercise such powers.”;

(৩৭) section 165 এর-

(ক) “for a term which may extend to three years” শব্দগুলির
পর “but shall not be less than three months” শব্দগুলি
সন্নিবেশিত হইবে;

(খ) clause (a) এর “and which he either knows or
believes to be false or does not believe to be true”
শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(গ) clause (c) এর শেষ প্রাপ্তস্থিত ফুলস্টেপটির পরিবর্তে একটি
সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন clause
(d) সংযোজিত হইবে, যথা:-

“(d) refuses to furnish such information as may be
necessary for the purpose of survey under
section 115.”;

(৩৮) section 166 এর “five years” শব্দগুলির পর “but shall not be
less than three months” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৩৯) section 169 এর sub-section (2) বিলুপ্ত হইবে;

(৪০) section 184A এর clause (c) এর শেষ প্রাপ্তস্থিত ফুলস্টেপটির পরিবর্তে
একটি সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন clause
(d) সংযোজিত হইবে, যথা:-

“(d) submitting an application for membership of a club
registered under মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১
সনের ২২ নং আইন).”;

(৪১) section 184B এর পর নিম্নরূপ নতুন section 184C সন্নিবেশিত হইবে, যথা:-

“184C.- Displaying of tax payer’s identification number certificate.- An assessee having income from business or profession shall obtain tax payer’s identification number (TIN) certificate from the Deputy Commissioner of Taxes under whose jurisdiction he is being assessed, by the thirty-first day of December, every year and shall display such certificate at a conspicuous place of such assessee’s business premises.”;

(৪২) The First Schedule এর--

(ক) Part A এর paragraph 2 এর sub-paragraph (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-paragraph (1) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(1) The Board shall, within six months from the date of receipt of the application by it for according approval to any superannuation fund, accord such approval, failing which the superannuation fund shall be deemed to have been accorded approval and the Board may, if in its opinion, the superannuation fund contravenes any of the conditions specified in paragraph 3, withdraw such approval at any time.”;

(খ) Part C এর paragraph 2 এর sub-paragraph (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-paragraph (1) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(1) The Board shall, within six months from the date of receipt of the application by it for according approval to any gratuity fund, accord such approval, failing which the gratuity fund shall be deemed to have been accorded approval, and the Board may, if, in its opinion, the gratuity fund contravenes any of the conditions specified in paragraph 3 and the rules made by the Board in that behalf, withdraw such recognition at any time.”;

(৪৩) The Third Schedule এর paragraph 11 এর sub-paragraph (3) এর clause (g) এর “the “normal depreciation” and “extra depreciation” if any, allowed under paragraphs 3 and 4 of this Schedule” শব্দগুলি, কমা ও সংখ্যাগুলির পরিবর্তে “the “normal depreciation” allowed under paragraph 3 of this Schedule” শব্দগুলি ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;



(৪৪) The Sixth Schedule এর Part A এর-

- (ক) paragraph 1 এর explanation টি বিলুপ্ত হইবে;
- (খ) paragraph 14 এর clause (h) বিলুপ্ত হইবে; এবং
- (গ) paragraph 30 এর পর নিম্নরূপ নূতন paragraphs 31 এবং 32 সংযোজিত হইবে, যথা:-

“31. An amount equal to fifty *per cent* of the income of an assessee, being a resident, derived from business of shipping in international waters, with the ships whose port of registry is in Bangladesh.

32. Any income not exceeding twenty five thousand taka received by an individual from interest on savings instruments.”।

৭। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর-

১৯৯১ সনের ২২ নং
আইন সংশোধন

- (১) ধারা ৬ এর উপ-ধারা (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, যে কোন পণ্য, পণ্যশ্রেণী বা সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক পরিশোধের সময় ও পদ্ধতি নির্ধারণসহ, অগ্রিম পরিশোধের বিধান করিতে পারিবে।”;

- (২) ধারা ৬ এর উপ-ধারা (৪গ) এর দফা (আ) এর পর নিম্নরূপ দফা (ই) সংযোজিত হইবে, যথা:-

“(ই) দফা (অ) এর বিধানাবলী ক্ষুণ্ণ না করিয়া উৎসে কর্তিত মূল্য সংযোজন কর কর্তন/আদায়ের দুই মাসের মধ্যে সরকারী ট্রেজারীতে জমা প্রদানে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তন/আদায়কারী ব্যক্তি, কর্তিত মূল্য জমা প্রদানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট কমিশনার অনধিক পঁচিশ হাজার টাকা ব্যক্তিগত জরিমানা করিতে পারিবে।”;

- (৩) ধারা ৭ এর উপ-ধারা (১) এ “বিলাস পণ্য, অত্যাৱশ্যক নহে এবং সামাজিকভাবে অনভিপ্রেত” শব্দগুলির পর “এবং অন্যান্য পণ্য ও সেবা যাহার উপর জনস্বার্থে সম্পূরক শুল্ক আরোপ করা যুক্তিযুক্ত” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৪) ধারা ৮ এর উপ-ধারা (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৪) সংযোজিত হইবে, যথা:-

“(৪) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা করিয়া এবং যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, কোন নির্দিষ্ট পণ্য, পণ্যশ্রেণী বা সেবা প্রদানকারীকে বার্ষিক টার্নওভারের পরিমাণ নির্বিশেষে ধারা ১৫ এর আওতায় নিবন্ধিত হওয়া সহ মূল্য সংযোজন কর প্রদানের আদেশ প্রদান করিতে পারিবে।”;

(৫) ধারা ৮ক এর উপ-ধারা (১) এবং ধারা ৮গ এর উপ-ধারা (১) ও (৪) এর সর্বত্র “বিভাগীয় কর্মকর্তা” শব্দদ্বয়ের পরিবর্তে “সুপারিনটেনডেন্ট” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৬) ধারা ৯ এর উপ-ধারা (১) এ “উৎপাদ করের বিপরীতে” শব্দগুলির পর “সংশ্লিষ্ট কর মেয়াদে” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৭) ধারা ১৪ এর উপ-ধারা (১) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশিত হইবে, যথা:-


“(১ক) বোর্ড, বিশেষ আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে কোন আন্তর্জাতিক চুক্তি বা দ্বিপক্ষীয় চুক্তি পারস্পরিক ভিত্তিতে (reciprocal basis) বাস্তবায়নের জন্য, যে কোন পণ্যের আমদানী, সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণ-কে এই আইনের অধীনে আরোপযোগ্য মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূর্ণরূপে ওক্ক হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।”;

(৮) ধারা ২৪ এর পর নিম্নরূপ নূতন ধারা ২৪ক সংযোজিত হইবে, যথা:-

“২৪ক। মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক সহায়তা প্রদান।- The Customs Act, 1969 (IV of 1969), Gift Tax Act, 1963 (XIV of 1963) কিংবা দান কর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২২ নং আইন), Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর উদ্দেশ্যে পূরণকল্পে মূল্য সংযোজন কর সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্যাদি উক্ত আইন প্রয়োগ ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ সরবরাহ করিবেন।”;

(৯) ধারা ২৬ এর উপ-ধারা (৩) এর পর নূতন উপ-ধারা (৪) সংযোজিত হইবে, যথা:-

“(৪) উপ-ধারা (১), (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে, প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি বিবেচিত হওয়ার বৎসরে এই ধারার আওতায় তাহার ব্যবসায় স্থল পরিদর্শন করা যাইবে না।”;



(১০) ধারা ৩৩ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৩৩ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৩৩। নথিপত্র সংরক্ষণের মেয়াদ।- যে নিবন্ধিত ব্যক্তির ধারা ৩১ এর অধীন কোন নথিপত্র সংরক্ষণের বাধ্যবাধকতা রহিয়াছে, তাহাকে উক্ত নথিপত্র যে করমেয়াদ সম্পর্কিত সেই করমেয়াদ সমাপ্তির পরবর্তী অন্যান্য চার বছর উহা বাংলাদেশে সংরক্ষণ করিতে হইবে; তবে, নিবন্ধিত ব্যক্তির বিরুদ্ধে এই আইনে দায়েরকৃত যে কোন মামলা অনিষ্পন্ন থাকিলে, উক্ত মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মামলা সংশ্লিষ্ট কর মেয়াদের নথিপত্র সংরক্ষণ করিতে হইবে”;

(১১) ধারা ৩৭ এর উপ-ধারা (২) এর দফা (ট) এর পর উল্লিখিত দণ্ড সম্পর্কিত বিধানের পরিবর্তে নিম্নরূপ বিধান প্রতিস্থাপিত হইবে, যথা:-

“তাহা হইলে তিনি সংশ্লিষ্ট পণ্য সরবরাহ বা সেবা প্রদানের উপর প্রদেয় মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের আড়াই গুণ পরিমাণ অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত কাজের জন্য কোন ম্যাজিস্ট্রেটের আদালতে দোষী সাব্যস্ত হইলে অন্যান্য তিন মাস হইতে অনধিক দুই বৎসর কারাদণ্ডে বা অনধিক এক লক্ষ টাকা অর্থদণ্ডে অথবা উভয়বিধ অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন। রাজস্ব ফাঁকি ব্যতীত অন্যান্য অনিয়মের ক্ষেত্রে পঁচিশ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।”;

(১২) ধারা ৩৮ এর উপ-ধারা (২) এর দফা (খ) এ “অনধিক এক লক্ষ টাকা অর্থদণ্ড বা” শব্দগুলি এবং “যাহাই অধিক হয়” শব্দগুলি বিলুপ্ত হইবে এবং “দ্বিগুণ” শব্দটির পরিবর্তে “আড়াই গুণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৩) ধারা ৪২ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর “পঁচিশ শতাংশ” শব্দগুলির পরিবর্তে “দশ শতাংশ” এবং দফা (খ) এর “পঞ্চাশ শতাংশ” শব্দগুলির পরিবর্তে “পঁচিশ শতাংশ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৪) ধারা ৭২ এর-

(ক) উপ-ধারা (২) এর দফা (এ৩) এর পর নিম্নরূপ নূতন দফা (ট) সংযোজিত হইবে, যথা:-

“(ট) এই আইনের অধীনে সংঘটিত কোন মূল্য সংযোজন কর বা প্রযোজ্য ক্ষেত্রে সম্পূরক শুল্ক বা টার্নওভার কর, ফাঁকির ঘটনা উদঘাটনে, সম্ভাব্য কর ফাঁকি প্রতিরোধ কল্পে, প্রকৃত অংশ গ্রহণ ও নিজ দায়িত্বের অতিরিক্ত অসাধারণ বুদ্ধিমত্তা, সততা ও সাহস প্রয়োগকারী কর্মকর্তা/কর্মচারীকে এবং এতদ্বিষয়ে তথ্য ও সংবাদ সরবরাহকারীকে আর্থিক স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদান;”;

(খ) উপ-ধারা (৩) এর “অনধিক পঁচিশ হাজার টাকা অথবা” শব্দগুলি এবং “, যাহাই অধিক হয়,” শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে এবং “দ্বিগুণ” শব্দটির পরিবর্তে “আড়াই গুণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।”;

(১৫) প্রথম তফসিলের শিরোনামা সংখ্যা “৫০.০২” এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(১৬) দ্বিতীয় তফসিল এর-

(ক) শিরোনামা সংখ্যা S০০১ এর অধীনে সেবার কোড S০০১.২০ এবং উহার বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সেবার কোড এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০০১.২০ রেস্তোরাঁ:

ব্যাখ্যা:

“রেস্তোরাঁ” অর্থ কোন ক্লাবসহ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগীতা প্রদান করা হউক বা না হউক, উহাতে বা অন্যত্র ভোগের উদ্দেশ্যে কোন খাদ্য বা পানীয় বিক্রয় করা হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী প্রতিষ্ঠানসহ যান্ত্রিক যানে পরিচালিত মোবাইল রেস্তোরাঁও ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

(খ) শিরোনামা সংখ্যা S০০৫ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০০৫ S০০৫.০০ পণ্যাগার:

ব্যাখ্যা:

“পণ্যাগার” অর্থ এমন কোন উন্মুক্ত বা স্থানীয়ভাবে অন্যবিধ স্থান যেখানে স্থানীয়ভাবে উৎপাদিত, আমদানীকৃত বা রপ্তানীযোগ্য বা অন্য যে কোন পণ্য পণের বিনিময়ে বা প্রকারান্তরে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকাণ্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকাণ্ডও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।”;

(গ) শিরোনামা সংখ্যা So১৫ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"So১৫ So১৫.০০ ফ্রেইট ফরোয়ার্ডার্স এবং ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা:

So১৫.১০ ফ্রেইট ফরোয়ার্ডার্স

ব্যাখ্যা:

"ফ্রেইট ফরোয়ার্ডার্স" অর্থ পণ্যের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসা সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

So১৫.২০ ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা

ব্যাখ্যা:

"ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা" অর্থ বিদেশ হইতে আমদানীকৃত বা বিদেশে রপ্তানীযোগ্য কোন পণ্য পণ্যের বিনিময়ে বা খোদ খালাসী (Self clearance) এর উদ্দেশ্যে শুদ্ধ আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে Customs Act, 1969 (IV of 1969) এর Section 207 এর অধীন লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।";

(ঘ) শিরোনামা সংখ্যা So২৭ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"So২৭ So২৭.০০ বীমা কোম্পানী:

ব্যাখ্যা:

"বীমা কোম্পানী" অর্থ অগ্নি, নৌ, বিমান, মটর, স্বাস্থ্যগত দুর্ঘটনা সহ অন্যান্য যে কোন দুর্ঘটনার ক্ষেত্রে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যতীত) এর মাধ্যমে ক্ষতিপূরণ ব্যবস্থা সংক্রান্ত ব্যবসা পরিচালনায় নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।";

(ঙ) শিরোনামা সংখ্যা So২৯ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“So২৯ So২৯.০০ চিকিৎসা প্রতিষ্ঠান, দস্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরী:

So২৯.১০ চিকিৎসা প্রতিষ্ঠান:

ব্যাখ্যা:

“চিকিৎসা প্রতিষ্ঠান” অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে কোন মানুষের দৈহিক বা মানসিক বিষয়ের চিকিৎসার নিমিত্ত ব্যবস্থাপত্র, পরামর্শ বা প্রয়োজনীয় প্যাথলজিক্যাল পরীক্ষা করা হয় এবং উপরিউক্ত এক বা একাধিক সেবা প্রদানের জন্য অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা হয় এবং উহার বিনিময়ে ব্যবসায়িক ভিত্তিতে বা মুনাফা অর্জনের লক্ষ্যে সেবা মূল্য আদায় করা হয়;


তবে শর্ত থাকে যে, যেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থায় বিনা মূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরি-উক্ত কোন সেবা প্রদান বা আবাসনের ব্যবস্থা করা হয় সেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা এই সংজ্ঞার আওতাবহির্ভূত হইবে।

So২৯.২০ দস্ত চিকিৎসা কেন্দ্র:

ব্যাখ্যা:

“দস্ত চিকিৎসা কেন্দ্র” অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে অস্থায়ী আবাসনের ব্যবস্থা থাকুক বা না থাকুক, ব্যবসায়িক ভিত্তিতে বা মুনাফা অর্জনের লক্ষ্যে দস্ত বিষয়ক যে কোন ধরণের চিকিৎসার ব্যবস্থা করা হয়;

তবে শর্ত থাকে যে, যে সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা বিনা মূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরি-উক্ত কোন সেবা প্রদান বা আবাসনের ব্যবস্থা করা হয় সেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা এই সংজ্ঞার আওতাবহির্ভূত হইবে।



S০২৯.৩০ প্যাথলজিক্যাল ল্যাবরেটরী:

ব্যাখ্যা:

“প্যাথলজিক্যাল ল্যাবরেটরী” অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে বাণিজ্যিক ভিত্তিতে আলট্রাসোনিক পদ্ধতিতে বা ইলেক্ট্রনিক স্ক্যানিং এর মাধ্যমে বা অন্য যে কোন প্রক্রিয়ায় যে কোন শারীরবৃত্তীয় বা রোগ সম্পর্কিত পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করা হয়।”;

(চ) শিরোনামা সংখ্যা S০৩৬ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৩৬ S০৩৬.০০ শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিসঃ

S০৩৬.১০ শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল বাস সার্ভিসঃ

ব্যাখ্যা:

“শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল বাস সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল বাস, মিনিবাস বা কোষ্টারের মাধ্যমে আন্তঃজেলা যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।

S০৩৬.২০ শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল লঞ্চ সার্ভিসঃ

ব্যাখ্যা:

“শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল লঞ্চ সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট লঞ্চ বা স্টীমারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।

S০৩৬.৩০ শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল রেলওয়ে সার্ভিসঃ

ব্যাখ্যা:

“শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল রেলওয়ে সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত/তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট ট্রেনের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।”;

(ছ) শিরোনামা সংখ্যা S০৩৭ এর বিপরীতে তৃতীয় কলামে বর্ণিত ব্যাখ্যায় “মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য” শব্দগুলির পরিবর্তে “মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য বা সেবা বা উভয়ই” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(জ) শিরোনামা সংখ্যা S০৩৯ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে:-

“S০৩৯ S০৩৯.০০ স্যাটেলাইট ক্যাবল অপারেটর ও স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর:

S০৩৯.১০ স্যাটেলাইট ক্যাবল অপারেটর:

ব্যাখ্যা:

“স্যাটেলাইট ক্যাবল অপারেটর” অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট প্রোগ্রাম গ্রহণ পূর্বক তাহা ক্যাবল বা তারের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে অফিস, বাড়ী, ব্যবসাস্থল, অন্য কোন স্থানে বা অঙ্গনে সংযোগদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S০৩৯.২০ স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর:

ব্যাখ্যা:

“স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর” অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট টিভি চ্যানেলের প্রোগ্রাম গ্রহণ পূর্বক তা ক্যাবল বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট ক্যাবল অপারেটর, অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে পণের বিনিময়ে সংযোগদান করেন, উক্তরূপ প্রোগ্রাম ধারনের স্বত্ব বা অধিকার প্রদান করেন অথবা যান্ত্রিক সংযোগ দ্বারা উক্তরূপ প্রোগ্রাম দর্শন বা প্রচারের অনুমতি প্রদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বাংলাদেশে মূল চ্যানেল মালিকের প্রতিনিধিত্ব করেন।”;

(ঝ) শিরোনামা সংখ্যা S০৪১ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"So8১ So8১.০০ তৈরী পোশাক বিক্রয় কেন্দ্র:

ব্যাখ্যা:

"তৈরী পোশাক বিক্রয় কেন্দ্র" অর্থ এমন কোন স্থান যেখানে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান শাড়ীসহ যেকোন ধরনের তৈরী পোশাক পণের বিনিময়ে বিক্রয় করিয়া থাকেন অথবা বিক্রয়ের লক্ষ্যে প্রদর্শন করেন।";

(এ) শিরোনামা সংখ্যা So8৩ এর বিপরীতে তৃতীয় কলামে বর্ণিত ব্যাখ্যায় "দেশে উৎপাদিত" শব্দগুলির পরে "মূল্য সংযোজন কর আরোপযোগ্য" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ট) শিরোনামা সংখ্যা So8৩ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামে বর্ণিত এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত শিরোনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

"So88 So88.০০ বিশেষজ্ঞ ডাক্তার:

ব্যাখ্যা:

"বিশেষজ্ঞ ডাক্তার" অর্থ চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা ও পোস্টগ্রাজুয়েট ডিগ্রীধারী যেমনঃ মেডিসিন, সার্জারী, গাইনোকোলজী ও অবস্টেট্রিক্স, নিউরোসার্জারী, নিউরোমেডিসিন, নাক, কান ও গলা, চক্ষু, গ্যাস্ট্রোএন্টারোলজী, ইউরোলজী, কার্ডিওলজী, ফিজিওথেরাপী, সাইকিয়াট্রিসহ অন্য যে কোন বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তার যিনি এক বা একাধিক জুনিয়র ডাক্তার সহযোগে পণের বিনিময়ে রোগীদের চিকিৎসা, ব্যবস্থাপত্র বা পরামর্শ প্রদান করেন। তবে শুধুমাত্র এম, বি, বি, এস ও সমমানের ডিগ্রীধারী ডাক্তারগণ বিশেষজ্ঞ ডাক্তার হিসাবে বিবেচিত হইবেন না।

So8৫ So8৫.০০ আইন পরামর্শক:

ব্যাখ্যা:

"আইন পরামর্শক" অর্থ এমন কোন ব্যক্তি, আইনজীবী অথবা কতিপয় আইনজীবী সমন্বয়ে গঠিত যে কোন প্রতিষ্ঠান, যিনি একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে নিজস্ব বাসভবনে অথবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে অন্য কোথাও স্থাপিত চেম্বারে কোন ফৌজদারী বা দেওয়ানী মামলা অথবা অন্য কোন বিষয়ে পণের বিনিময়ে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থাকে পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কার্য নির্বাহ করিয়া থাকেন।

S08৬ S08৬.০০

হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার:

ব্যাখ্যা:

“হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার” অর্থ এমন কোন স্থান (খোলা বা আবদ্ধ যাহাই হউক না কেন) যেখানে পণের বিনিময়ে শারীরিক সৌন্দর্য বৃদ্ধিকল্পে, শারীরিক গঠন ঠিক রাখার বা শারীরিক সমস্যা উপশমের উদ্দেশ্যে শরীরচর্চা করানো হয় অথবা যন্ত্রপাতি ও সুইমিংপুল ইত্যাদি ব্যবহারের সুযোগ দেয়া হয় অথবা উক্ত বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা হয়।

S08৭ S08৭.০০

খেলাধুলা আয়োজক:

ব্যাখ্যা:

“খেলাধুলা আয়োজক” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থা যিনি, বাণিজ্যিক ভিত্তিতে জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতামূলক খেলাধুলা প্রদর্শনার্থে দর্শকদের নিকট হইতে ফি, টিকেট মূল্য বা কোন প্রকার বিনিময় মূল্য গ্রহণ করেন।

S08৮ S08৮.০০

পরিবহন ঠিকাদার:

ব্যাখ্যা:

“পরিবহন ঠিকাদার” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যারা বাণিজ্যিক ভিত্তিতে কোন সরকারী, আধাসরকারী সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা কোম্পানী, এন,জি,ও বা লিমিটেড কোম্পানী-তে তালিকাভুক্ত হউক বা না হউক, পণের বিনিময়ে মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য পরিবহন পূর্বক গন্তব্যস্থলে পৌঁছানোর দায়িত্ব পালন করেন।

S08৯ S08৯.০০

রেন্ট-এ-কার সার্ভিস:

ব্যাখ্যা:

“রেন্ট-এ-কার সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে কার ও মাইক্রোবাস (ট্যাক্সী ক্যাব ব্যতীত) ভাড়া প্রদান করেন।



So৫০ So৫০.০০

আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেরটর:

ব্যাখ্যা:

“আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেরটর” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে বাসভবন, বাণিজ্যিক ভবন, অফিস, রাস্তা, সেতু, কালভার্ট, স্মৃতি সৌধ, ভাস্কর্য, ওভার ব্রিজ, ফ্লাইওভার, শিক্ষা প্রতিষ্ঠানসহ যে কোন ধরনের অবকাঠামো নির্মাণের নকশা প্রণয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে যে কোন অবকাঠামোর ভিতরকার সৌন্দর্য বৃদ্ধিকল্পে ডিজাইন ও কন্সট্রাক্টিভ প্রণয়ন অথবা তাহা বাস্তবায়ন করেন। অস্থায়ী ভিত্তিতে কোন ভবনের অংশবিশেষের স্ট্রাকচার বা ডিজাইন পরিবর্তন সংক্রান্ত কার্যাদিও ইহার অন্তর্ভুক্ত হইবে।

So৫১ So৫১.০০

ইঞ্জিনিয়ারিং ফার্ম:

ব্যাখ্যা:

“ইঞ্জিনিয়ারিং ফার্ম” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অথবা যারা বাণিজ্যিক ভিত্তিতে, নির্দিষ্ট চার্জ, ফি বা পণের বিনিময়ে ভবন, রাস্তাঘাট, সেতু, কালভার্ট, স্মৃতি সৌধ, ভাস্কর্য, ওভারব্রিজ, ফ্লাইওভার সহ যে কোন ধরনের অবকাঠামোগত ডিজাইন ও কন্সট্রাক্টিভ প্রণয়ন করেন অথবা উক্ত অবকাঠামোর নির্মাণ কাজ তদারকী বা বাস্তবায়ন করেন।

So৫২ So৫২.০০

শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী:

ব্যাখ্যা:

“শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে কোন সামাজিক, দাপ্তরিক, রাজনৈতিক বা যে কোন অনুষ্ঠানে ব্যবহারের উদ্দেশ্যে যে কোন ধরনের ইলেকট্রিক্যাল, ইলেকট্রোম্যাগনেটিক বা ইলেকট্রনিক শব্দ সরঞ্জাম অথবা আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

So৫৩ So৫৩.০০ বোর্ড সভায় যোগদানকারী:

ব্যাখ্যা:

“বোর্ড সভায় যোগদানকারী” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন সরকারী, আধাসরকারী, বেসরকারী (এনজিও), বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর বোর্ড/বার্ষিক সাধারণ সভায় ফি বা সম্মানীর বিনিময়ে যোগদান করিয়া থাকেন।

So৫৪ So৫৪.০০ উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী:

ব্যাখ্যা:

“উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী” অর্থ এমন কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী যিনি তাহার প্রতিষ্ঠানে উৎপাদিত মূসক আরোপযোগ্য যে কোন পণ্য বা সেবার বিপণনের বা প্রচারনার উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞাপন প্রস্তুতপূর্বক, পণের বিনিময়ে কোন জাতীয় বা আন্তর্জাতিক ভূ অথবা মহাকাশে স্থাপিত উপগ্রহ চ্যানেলের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিয়া থাকেন।

So৫৫ So৫৫.০০ ভূমি বিক্রয়কারী:

ব্যাখ্যা:

“ভূমি বিক্রয়কারী” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি মেট্রোপলিটন, মিউনিসিপ্যাল কর্পোরেশন বা পৌর এলাকার মাষ্টারপ্লানের আওতাভুক্ত এলাকায় অবস্থিত উত্তরাধিকার সূত্রে, ক্রয়সূত্রে বা অন্য যে কোন সূত্রে প্রাপ্ত ভূমি পণের বিনিময়ে অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নিকট নিজে বা অন্যের মাধ্যমে বিক্রয় করেন। তবে ভূমি উন্নয়ন সংস্থা এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না।

So৫৬ So৫৬.০০ ঋণপত্র সেবা প্রদানকারী:

ব্যাখ্যা:

“ঋণপত্র সেবা প্রদানকারী” অর্থ কোন রাষ্ট্রায়ত্ত্ব, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা কোন আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি কমিশন, ফি বা চার্জের বিনিময়ে কোন পণ্য বা সেবা আমদানীর নিমিত্ত কোন আমদানীকারকের অনুকূলে ঋণপত্র প্রতিষ্ঠা করিয়া থাকেন।

So৫৭ So৫৭.০০ বিদ্যুৎ বিতরণকারী:

ব্যাখ্যা:

“বিদ্যুৎ বিতরণকারী” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত অথবা ক্রীত অথবা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত বিদ্যুৎ সরাসরি ভোক্তার নিকট পণের বিনিময়ে সরবরাহ করেন।”;

(১৭) তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের দ্বিতীয় তফসিলে বর্ণিত তৃতীয় তফসিল প্রতিস্থাপিত হইবে।

(১৮) জাতীয় রাজস্ব বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রজ্ঞাপনে উল্লিখিত তারিখে, দফা (১৭) দ্বারা প্রতিস্থাপিত তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের তৃতীয় তফসিলে বর্ণিত তৃতীয় তফসিল প্রতিস্থাপন করিতে পারিবে।

৮। (১) উপ-ধারা (২) এবং (৪) এর বিধানাবলী সাপেক্ষে, ১৯৯৯ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে প্রথম তফসিলে নির্দিষ্ট কর হার অনুযায়ী আয়কর ধার্য হইবে। আয়কর

(২) ১৯৯৯ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে বাংলাদেশে নিবাসী কোন করদাতা যদি বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় সরকারী মাধ্যম (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রিত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বণ্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৩) যে সকল ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর SECOND SCHEDULE (মূলধনী মুনাফা ও লটারী আয় সংক্রান্ত) প্রযোজ্য হইবে সে সকল ক্ষেত্রে আরোপযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৪) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্তে প্রথম তফসিলে (আয়কর হার সংক্রান্ত) বর্ণিত হার ১৯৯৯ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ এবং ২০০০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৫) এই ধারায় এবং এই ধারার অধীনে আরোপিত কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত “মোট আয় (total income)” বলিতে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান অনুসারে নিরূপিত মোট আয় (total income) বুঝাইবে।

Income Tax
Ordinance, 1984
(XXXVI of 1984)
এর আওতায় সারচার্জ

৯। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর আওতায় ১৯৯৯ সালের ১লা জুলাই হইতে আরম্ভ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে প্রথম তফসিলের দ্বিতীয় অংশে নির্দিষ্ট হার অনুযায়ী সারচার্জ ধার্য হইবে।

প্রথম তফসিল

প্রথম অংশ

(ধারা ৮ দ্রষ্টব্য)

আয়করের হার

ক। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) এ উল্লিখিত প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশী সহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে - যে সকল ক্ষেত্রে “খ” অনুচ্ছেদ প্রযোজ্য নহে -

	হার
(১) প্রথম ৭৫,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূণ্য
(২) পরবর্তী ৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
(৩) পরবর্তী ১,২৫,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৮%
(৪) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%

তবে শর্ত থাকে যে, ন্যূনতম করের পরিমাণ কোন ভাবেই ১,০০০/- টাকার কম হইবে না :

আরও শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) বা ন্যূনতম উন্নত এলাকায় (Least Developed Area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের প্রত্যক্ষ উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটিরশিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন :-

(অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে, সেই ক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%;

(আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়, ১০%;

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে ব্যবহৃত “স্বল্প উন্নত এলাকা (Less Developed Area)” বা “ন্যূনতম উন্নত এলাকা (Least Developed Area)” বলিতে ঐ সকল স্থান বুঝাইবে যাহা S.R.O 411-L/85 এবং S.R.O. 412-L/85, তারিখ ২২শে সেপ্টেম্বর, ১৯৮৫ এবং এস, আর, ও ৩৪২-আইন/৯০, তারিখ ৩০শে সেপ্টেম্বর, ১৯৯০ তে নির্দিষ্ট করা হইয়াছে।

খ। কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিস্ট্রীকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেণ্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর -

হার

(অ) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company,

উক্ত আয়ের ৩৫%

(আ) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income Tax Ordinance, 1984 এর section 2 এর clause (20) এর sub-clauses (a), (b), (bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে,

উক্ত আয়ের ৪০%

(২) Companies Act, 1913 (VII of 1913) অথবা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী অথবা আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হইতে ১৯৪৭ সালের ১৪ই আগস্টের পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত অংশপুঁজির উপরে ঘোষিত ও পরিশোধিত ডিভিডেণ্ড আয়ের উপর,

উক্ত আয়ের ১৫%।

ব্যাখ্যা ১- এই অনুচ্ছেদে ব্যবহৃত “publicly traded company” বলিতে এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানী বুঝাইবে যাহা Companies Act, 1913 (VII of 1913) বা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যাহা নিম্নবর্ণিত শর্ত পূরণ করে :-

- (অ) সংশ্লিষ্ট আয় বৎসরের সমাপ্তিতে পরিশোধিত মূলধনের অন্ততঃ এক তৃতীয়াংশ ইহার উদ্যোক্তা ও পরিচালকমণ্ডলীর সদস্য ব্যতীত অন্যদের মালিকানায় থাকিতে হইবে এবং এই মর্মে উক্ত কোম্পানীর হিসাব নিরীক্ষা কার্যে নিয়োজিত চার্টার্ড একাউন্টেন্টের প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে;
- (আ) উদ্যোক্তা এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণ বেনামীতে কোন শেয়ার জর করিতে পারিবেন না;
- (ই) যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসরের সমাপ্তির পূর্বে কোম্পানীটির শেয়ার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইবে।

(৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তি শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে,

উক্ত আয়ের ২৫%।

দ্বিতীয় অংশ
(ধারা ৯ দ্রষ্টব্য)

সারচার্জের হার

এইরূপ ব্যক্তি-করদাতা (assessee being individual) যাহার Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 80 অনুযায়ী দাখিলকৃত পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) (নিজস্ব ব্যবহৃত বাসস্থানের মূল্য ব্যতিরেকে) দশ লক্ষ টাকার অধিক, সেইরূপ ব্যক্তি করদাতার ক্ষেত্রে-

আয়কর প্রযোজ্য এইরূপ আয়ের উপর
প্রযোজ্য আয়করের ১০ শতাংশ।